ভোরের কাগজ
48
তারিখ ... NOV 24 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

# বিজ্ঞপ্তি

নম্বর : ২৫২ তারিখ : ১৮/১১/৯৯ইং

এতদ্বারা ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০০০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার আবেদন ফরম ও প্রয়োজনীয় ফিস জমা দেয়ার তারিখ, ফিস-এর হার ও নিয়মাবলী নিম্নে দেয়া হল :

| | | |
|---|---|---|
| ১। | অনিয়মিত (রিটেইন্ড/ডিটেনড), এক বিষয়ের বিশেষ পাশ পরীক্ষার্থী ও প্রাইভেট পরীক্ষার্থীগণের নির্বাচনী পরীক্ষার জন্য সংশ্লিষ্ট নির্ধারিত কলেজে তালিকাভুক্তির আবেদনপত্র দাখিল করার শেষ তারিখ | : ১২/১২/৯৯ইং |
| ২। | কলেজ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীগণের বিবরণীপত্র ২ (দুই) কপি ও প্রতি পরীক্ষার্থী ১০০/০০ (একশত) টাকা হারে ফিস বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | : ২২/১২/৯৯ইং |
| ৩। | মান উন্নয়ন পরীক্ষার্থীগণের তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজে সাদা কাগজে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ | : ০৯/০১/২০০০ইং |
| ৪। | নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের শেষ তারিখ | : ৩১/০১/২০০০ইং |
| ৫। | বিলম্ব ফিস ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর (এইচ, এস, সি) পরীক্ষার ফিস -এর ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ | : ২২/০২/২০০০ইং |
| ৬। | ১০০/- (একশত) টাকা বিলম্ব ফিসসহ সকল প্রকার পরীক্ষার্থীর (এইচ, এস, সি) পরীক্ষার ফিস-এর ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ | : ২৮/০২/২০০০ইং |
| ৭। | বিলম্ব ফিস ছাড়া এবং বিলম্ব ফিসসহ পরীক্ষার ফিসের দুটো ব্যাংক ড্রাফট, পরীক্ষার আবেদনপত্র, পরীক্ষার্থীর তথ্য বিবরণী ও তথ্য ভিত্তিক তালিকা (প্রিন্ট আউট) জমা দানের শেষ তারিখ | : |
| ক) | ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, জামালপুর, শেরপুর ও টাংগাইল জেলার সকল কলেজ | : ০৫/০৩/২০০০ইং |
| খ) | ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ জেলার সকল কলেজ | : ০৬/০৩/২০০০ইং |
| গ) | ঢাকা মহানগরী, ঢাকা ও গাজীপুর জেলার সকল কলেজ | : ০৭/০৩/২০০০ইং |

৮। যে সকল কলেজে ইংরেজী মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থী রয়েছে, তাদের তালিকা এ বিজ্ঞপ্তি প্রাপ্তির তিন দিনের মধ্যে নিম্নের 'ছক' অনুযায়ী উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক)-এর নিকট হাতে হাতে জমা দিতে হবে। অন্যথায় ইংরেজী মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

'ছক'

| শাখা | পরীক্ষার্থীর সংখ্যা | বিষয় ও বিষয় কোডওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

৯। আবেদন ফরম গ্রহণ :
নিজ কলেজের রেজিস্ট্রেশন নম্বরধারী ও নিয়মানুযায়ী ভর্তিকৃত ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ সেশনের ছাত্র/ছাত্রীদের মধ্যে যারা যথাক্রমে ১৯৯৭, ১৯৯৮ ও ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করেনি বা উক্ত কোন একটি পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিন্তু ২০০০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক তাদের (নিম্নের ছক অনুযায়ী) এক কপি তালিকা জমা দিয়ে বোর্ডের উচ্চ মাধ্যমিক শাখা হতে আবেদন ফরম গ্রহণ করতে হবে।

'ছক'

| ক্রমিক নং | নাম ও পিতার নাম | রেজিঃ নম্বর ও সেশন | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

## ১০। বিশেষ পাশ পরীক্ষার্থী :

ক) ১৯৯৯ সালের এইচ, এস, সি পরীক্ষায় নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে ইচ্ছা করলে তারা ২০০০ সালে এইচ, এস, সি পরীক্ষায় বিশেষ পাশ পরীক্ষার্থী হিসাবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

খ) এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ শুধুমাত্র একবার এক বিষয়ে পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং উত্তীর্ণ হলে বিশেষ পাশ সনদপত্র পাবে। পরীক্ষা পরবর্তী বছরই দিতে হবে এবং রেজিস্ট্রেশন না থাকলে বোর্ড কর্তৃপক্ষের নিকট হতে অবশ্যই রেজিস্ট্রেশন নম্বর নবায়ন করে নিতে হবে।

গ) উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষার্থীগণ এক বিষয়ে অকৃতকার্য হলে নিয়মিত পরীক্ষার্থীগণের মত এক বিষয়ে পরীক্ষা দিতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষের নিকট হঁতে রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই নবায়ন করে নিতে হবে।

## ১১। মান উন্নয়ন :

ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে কেবল মাত্র ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ইচ্ছা করলে মান উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০০০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তাদেরকে তালিকাভুক্তি ফিসহ যাবতীয় ফি এবং আবেদন ফরম যথাসময়ে স্ব স্ব কলেজের অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। কোন অবস্থাতেই কলেজ, কেন্দ্র ও বিষয় পরিবর্তন করা যাবে না। মান উন্নয়ন পরীক্ষা দেয়ার সুযোগ পরের বছর কেবলমাত্র একবারই দেয়া হবে।

খ) বিশেষ পাশ সনদপত্রধারীগণ মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

## ১২। কেন্দ্র ফি :

ক) মানবিক, বাণিজ্য ও ইসলামী শিক্ষা শাখার প্রতি পরীক্ষার্থী — ৮০/০০ টাকা।
খ) বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি ও সংগীত শাখার প্রতি পরীক্ষার্থী — ১০০/০০ টাকা।
গ) এক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রতি পরীক্ষার্থী — ২৫/০০ টাকা।

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজ-সরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

## ১৩। রেজিস্ট্রেশন :

ক) ১৯৯৫-৯৬ সালের (সেশনের) পূর্বের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত কোন পরীক্ষার্থী/পরীক্ষার্থিনী ২০০০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

খ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের নতুন করে রেজিস্ট্রেশন করবার প্রয়োজন নেই। তাদের আবেদন ফরমে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে।

গ) আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে ফরম গ্রহণ করা হবে না। রেজিস্ট্রেশন ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

## ১৪। পাঠ্যসূচি :

ক) ১৯৯৮-৯৯ সেশনের রেজিস্ট্রেশনধারী নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০০০ সালের নতুন পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ) ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ সেশনের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদেরকে পুরাতন পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

গ) ১৯৯৯ সালের কোন এইচ, এস, সি পরীক্ষার্থী এক বিষয়ে ফেল করলে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে রেজিস্ট্রেশন নম্বর নবায়ন করে স্ব স্ব পাঠ্যসূচি অনুযায়ী এক বিষয়ে বিশেষ পাশ পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

ঘ) মান উন্নয়ন পরীক্ষার্থীরা স্ব স্ব পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

## ১৫। আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে। নাম ও পিতার নামসহ সকল তথ্যাদি এস, এস, সি পরীক্ষার প্রবেশপত্র অনুযায়ী হতে হবে।

খ) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে কলেজের সকল শাখার পরীক্ষার্থীর জন্য একই ড্রাফটে ফি জমা দিয়ে তিন কপি মুখপত্রসহ বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিতে হবে কিন্তু পরীক্ষার্থীর আবেদন ফরম, বিবরণী ফরম ও প্রিন্ট আউট ভিন্ন ফরোয়ার্ডিংসহ পরীক্ষা শাখায় জমা দিতে হবে এবং সাথে হিসাব শাখায় ব্যাংক ড্রাফট জমাদানের রিসিট-এর কপিও জমা দিতে হবে।

গ) আবেদন ফরমে লিপিবদ্ধ পরীক্ষার্থীর যাবতীয় তথ্যাদি নির্ভুলভাবে বিবরণী ফরমে উল্লেখ করতে হবে। কম্পিউটার প্রিন্ট আউট-এর সিরিয়াল অনুযায়ী ক্রমানুসারে বিবরণী ফরম প্রস্তুত করতে হবে।

ঘ) ১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ ও ১৯৯৭-৯৮ সেশনের ছাত্র/ছাত্রীর মধ্যে যারা পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের সংশ্লিষ্ট বছরের পরীক্ষার মূল প্রবেশপত্র আবেদন ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে। প্রবেশপত্রে উল্লিখিত বিষয় কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। যারা পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তাদের এ মর্মে অধ্যক্ষ মহোদয়ের প্রতিবেদন ফরমের সাথে জমা দিতে হবে। অকৃতকার্য পরীক্ষার্থীরা যে কলেজ হতে পূর্ববর্তী বৎসরে পরীক্ষায় অকৃতকার্য হয়েছে সে কলেজ হতেই পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

ঙ) আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর নির্দিষ্ট কলামে লিপিবদ্ধ করত: রেজিস্ট্রেশন কার্ড-এর ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) গেঁথে দিতে হবে।

চ) প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা এক কপি পাসপোর্ট সাইজের ফটো কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে দিতে হবে। পোস্টাল স্ট্যাম সাইজ ও সাইড ফটো গ্রহণ করা হবে না।

ছ) আবেদন ফরমের উপরে ডান পাশের কোনায় প্রিন্ট আউটের ক্রমিক নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

জ) অসম্পূর্ণ আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

## ১৬। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নিম্নলিখিত যেকোন একটি কলেজের মাধ্যমে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে :

| | |
|---|---|
| ১। ঢাকা কলেজ, ঢাকা | ১৬। সরকারী মুমিনুন্নিসা মহিলা কলেজ, ময়মনসিংহ |
| ২। সরকারী কবি নজরুল কলেজ, ঢাকা | ১৭। নাসিরাবাদ কলেজ, ময়মনসিংহ |
| ৩। সরকারী তিতুমীর কলেজ, ঢাকা | ১৮। সরকারী গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ |
| ৪। সরকারী শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা | ১৯। সরকারী আশেক মাহমুদ কলেজ, জামালপুর |
| ৫। মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা | ২০। সরকারী জাহেদা সফির মহিলা কলেজ, জামালপুর |
| ৬। শেখ বোরহান উদ্দিন কলেজ, ঢাকা | ২১। সরকারী শেরপুর কলেজ, শেরপুর |
| ৭। সরকারী বাংলা কলেজ, ঢাকা | ২২। সরকারী কুমুদিনী কলেজ, টাংগাইল |
| ৮। বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজ, ঢাকা | ২৩। সরকারী মাওলানা মোহাম্মদ আলী কলেজ, কাগমারী, টাংগাইল |
| ৯। লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা | ২৪। সরকারী ইয়াছিন কলেজ, ফরিদপুর |
| ১০। সরকারী তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ | ২৫। সরকারী সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর |
| ১১। সরকারী হরগংগা কলেজ, মুন্সিগঞ্জ | ২৬। সরকারী নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর |
| ১২। সরকারী দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ | ২৭। সরকারী শরীয়তপুর কলেজ, শরীয়তপুর |
| ১৩। সরকারী ভাওয়াল বদরে আলাম কলেজ, গাজীপুর | ২৮। সরকারী রাজবাড়ী কলেজ, রাজবাড়ী |
| ১৪। সরকারী নরসিংদী কলেজ, নরসিংদী | ২৯। সরকারী বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ |
| ১৫। সরকারী নেত্রকোনা কলেজ, নেত্রকোনা | |

## ১৭। সকল প্রকার পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেয়া হল :

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি, প্রতি পত্রে | মার্কস সার্টিঃ ফি, প্রতি পরীক্ষার্থী | ব্যবহারিক ফি, প্রতি পত্রে | নন-কলেজিয়েট ফি প্রতি পরীক্ষার্থী | অনুমতি ও রেজিঃ ফি, প্রতি পরীক্ষার্থী | অনিয়মিত ফি প্রতি পরীক্ষার্থী | স্কাউট ফি প্রতি পরীক্ষার্থী | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি প্রতি পরীক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত | ৪০.০০ | ৩৫.০০ | ২৫.০০ | ১০০.০০ | - | - | ১০.০০ | ৫.০০ |
| অনিয়মিত | ৪০.০০ | ৩৫.০০ | ২৫.০০ | - | - | ১০০.০০ | ১০.০০ | ৫.০০ |
| মানউন্নয়ন | ৪০.০০ | ৩৫.০০ | ২৫.০০ | - | ১০০.০০ | - | ১০.০০ | ৫.০০ |
| প্রাইভেট | ৪০.০০ | ৩৫.০০ | - | - | ১০০.০০ | - | ১০.০০ | ৫.০০ |
| বিশেষ পরীক্ষার্থী | ৪০.০০ | ৩৫.০০ | ২৫.০০ | - | - | - | ১০.০০ | ৫.০০ |

## ১৮। পরীক্ষার ফি ও ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী :

ক) বোর্ডের যাবতীয় ফি কেবলমাত্র সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে অত্র বোর্ডের সচিবের অনুকূলে ব্যাংক ড্রাফট মারফত জমা দিতে হবে।

খ) ব্যাংক ড্রাফট ক্রয় করার পর নির্ধারিত তারিখে উহা বোর্ডে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ জমা দিতে হবে এবং উহা জমাদানের পূর্বে অধ্যক্ষ/অধ্যক্ষা ড্রাফটের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মনি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

ঘ) প্রিন্ট আউটের ক্রমানুসারে ২ (দুই) কপি বিবরণী ফরম স্পষ্টাক্ষরে পূরণ করে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং বিবরণী ফরমের ক্রমানুসারে আবেদন ফরম সাজিয়ে শক্ত সুতা দ্বারা বেঁধে দিতে হবে।

ঙ) অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি-এর ব্যাংক ড্রাফট, আবেদন ফরম, প্রিন্ট আউট ও বিবরণী ফরমসহ যাবতীয় কাগজপত্র গ্রহণ করা হবে না।

## ১৯। বিশেষ দ্রষ্টব্য :

ক) ডাকযোগে কোন আবেদন ফরম, প্রিন্ট আউট ও বিবরণী ফরম পাঠানো যাবে না। প্রয়োজনীয় ফিসহ কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই বাহক মারফত বোর্ডে জমা দিতে হবে।

খ) বোর্ড হতে যে সমস্ত ছাত্র/ছাত্রী বাংলা বিকল্প সহজ পাঠ/বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান বিষয়ে পরীক্ষা দেয়ার অনুমতি লাভ করেছে তাদের অনুমতি পত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

গ) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ বদলী ও রিপোর্টেড হওয়ার কারণে ২০০০ সালের পরীক্ষা দেয়ার যোগ্য নয় এবং এছাড়া অন্য যেকোন ধরনের অবৈধ ছাত্র/ছাত্রীকে পরীক্ষায় অবতীর্ণ হবার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ/অধ্যক্ষা দায়ী থাকবেন।

প্রফেসর মোঃ আতাউর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

...জি-৯০৪/৯৯ (৩০"×৩)